বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : অক্টোবর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ৩০ অক্টোবর, ২০২৪ সকাল ১১.০০ টা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP আগামী পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। তিনি আরো জানান যে, অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় কোম্পানির রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>মহাব্যবস্থাপক (খনন) জানান যে, জামালপুর-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামালের তালিকা তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। একটি সম্মিলিত সভা আয়োজন করা হয়েছে। সভায় টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ হতে সিমেন্ট এডিটিভস্ এর স্বল্পতা রয়েছে বলে জানানো হয়।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ কূপ খননের জন্য দ্রুত সিমেন্ট এডিটিভস্ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | (ক) বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP আগামী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় কোম্পানির রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br><br>(গ) জামালপুর-১ কূপ খননের জন্য মালামালের তালিকা দ্রুত প্রস্তুতকরণ এবং দ্রুত সিমেন্ট এডিটিভস্ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক এবং প্রকল্প ব্যবস্থাপক |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, তিতাস ১৩ ও ১৫ ওয়ার্কওভার কাজের জন্য মালামালের তালিকা প্রস্তুতের লক্ষ্যে বাপেক্স এবং বিজিএফসিএল এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক মালামালের তালিকা প্রস্তুতের কাজ চলমান আছে। মালামালের তালিকা প্রাপ্তি সাপেক্ষে ক্রয় প্রক্রিয়া শুরু করা যাবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাখরাবাদ-৫, ৬ ও মেঘনা ওয়ার্কওভারের জন্য একটি কমিটির মাধ্যমে কাজ করা হবে মর্মে অবহিত করেন। তিনি এসজিএফএল ও বাপেক্স এর মধ্যে একটি সভা আয়োজন করে কমিটিতে কে কে থাকবে তা উল্লেখসহ কার্যবিবরণী তৈরি করার পরামর্শ প্রদান করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কসবায় গুদাম তৈরি করার জন্য দরপত্র আহবান করা হয়েছে যা বর্তমানে লাইভে/চলমান আছে। তিনি আগামী এক থেকে দেড় মাসের মধ্যে কাজ শুরু করা যাবে বলে আশা প্রকাশ করেন। | (ক) তিতাস ১৩ ও ১৫ ওয়ার্কওভার কাজের জন্য দ্রুত সময়ের মধ্যে মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) এসজিএফএল ও বাপেক্স এর মধ্যে একটি সভা আয়োজন করতে হবে এবং দুটি প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।<br>(গ) কসবায় গুদাম তৈরির জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, পুনঃপর্যালোচনাপূর্বক প্রণীত DPP জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২২.১০.২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে এটি পরিকল্পনা উপদেষ্টা মহোদয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় Feasibility Study ও EIA কার্যক্রম চলমান রয়েছে। পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকা Transition Zone হওয়ায় উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সম্পাদন করার পরামর্শ প্রদান করেন। | (ক) পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৫ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, ১০০০ হর্স পাওয়ারের একটি রিগ ক্রয়ের নিমিত্তে Specifications এর কাজ সম্পন্ন হয়েছে এবং এটি পর্যালোচনার কাজ চলমান আছে। খনন বিভাগ রিগের ব্যবহারকারী হওয়ায় তাদের সাথে আলোচনা সাপেক্ষে Rig এর Capacity/Range নির্ধারণ হবে।<br>উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ আশরাফুল আলম জানান যে, ইতোমধ্যে তিনটি কোম্পানি থেকে Specifications পাওয়া গিয়েছে এবং প্রতিটি কোম্পানি কাস্টমাইজড রিগ তৈরির ব্যাপারে তাদের অনাগ্রহের বিষয়টি অবহিত করেছে। এ পর্যায়ে সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক কাস্টমাইজড রিগের প্রস্তাব না করে খনন বিভাগের সহিত পরামর্শ করে রিগ ক্রয়ের পরিকল্পনা করার পরামর্শ প্রদান করেন। তিনি আরো যাচাই বাছাই করে অধিক সংখ্যক প্রতিষ্ঠান যেন দরপত্রে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বানের করার নির্দেশনা প্রদান করেন। | (ক) খনন বিভাগের সাথে আলোচনা সাপেক্ষে Rig এর Capacity/Range নির্ধারণ করতে হবে এবং অধিক সংখ্যক প্রতিষ্ঠান যেন দরপত্রে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহবান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৬ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পুনর্গঠিত DPP জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৭ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় জানান যে, বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে গত মাসে একটি সভা আয়োজন করা হয়েছে। অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। | (ক) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(খ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম তৈরির কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | ক) কমিটির দাখিলকৃত অর্গানোগ্রাম বোর্ডে উপস্থাপন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত জায়গা স্থায়ীভাবে রেজিস্ট্রেশন | উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) সভায় জানান যে, বাপেক্স কর্তৃক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর আওতাধীন রূপগঞ্জ এলাকায় গ্যাস কূপ খননের জন্য প্রায় ৩০০ শতক জমি অধিগ্রহণ করা হয়। ২০14 সালে দেশের ২৬তম গ্যাসক্ষেত্র হিসেবে রূপগঞ্জ গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়। মজুদ শেষ হওয়ায় বর্তমানে গ্যাস উত্তোলন কার্যক্রম বন্ধ রয়েছে। তবে, ভবিষ্যতে আরো অনুসন্ধান কূপ খনন, ওর্য়াকওভার কূপ খনন ও সামগ্রিক স্বার্থে রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করা প্রয়োজন। তিনি আরো জানান যে, অতীতে উদ্যোগ গ্রহণ করা হলেও জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করা সম্ভব হয়নি। তাই তিনি এ বিষয়ে দিক-নির্দেশনা কামনা করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, নির্মাণ বিভাগের সমন্বয়ে রূপগঞ্জ এলাকায় অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | (ক) রূপগঞ্জ এলাকায় অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>(খ) উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |
| ৯ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। APA সংশ্লিষ্ট সকলকে নিয়ে অগ্রগতি বিষয়ক সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে। | (ক) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |
| ১০ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদার করা হয়েছে। তিনি বাপেক্স ভবনের নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণ করা গেলে ভবনের নিরাপত্তা দৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের বিষয়ে একমত প্রকাশ করেন। নির্মাণ বিভাগ ও সেবা উপবিভাগের সমন্বয়ে বিষয়টি পর্যালোচনা করে দেখার পরামর্শ প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(খ) নির্মাণ বিভাগ ও সেবা উপবিভাগের সমন্বয়ে বাপেক্স ভবনের নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের ব্যবস্থা করতে হবে | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১১ | বিবিধ: | ১। নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের BPI এর মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে এবং সহকারী ড্রিলার, খননবিদ ও টুলপুশারদের IWCF (Level-2) এবং (Level-3) সার্টিফিকেট কোর্স থাইল্যান্ডে আয়োজনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>২। বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচন ও অতিরিক্ত কোন ভূমি অধিগ্রহণ প্রয়োজন হবে কিনা তা নির্ধারণের জন্য প্রস্তাবিত কমিটিতে মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল), ও মহাব্যবস্থাপক (নির্মাণ)-সহ মহাব্যবস্থাপক (উৎপাদন) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)-এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। | (ক) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের দ্রুত প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে।<br>(খ) মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল), ও মহাব্যবস্থাপক (নির্মাণ)-সহ মহাব্যবস্থাপক (উৎপাদন) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)-এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>১।মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২।মহাব্যবস্থাপক (খনন)<br>৩।মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৪।মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৩। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের ১০০ অনুসন্ধান/ওয়ার্কওভার শিডিউলের মধ্যে রুপগঞ্জ-১, হালদা, সেমুতাং-৬ ওয়ার্কভারের বিষয়ে পরিকল্পনা করার পরামর্শ প্রদান করেন। ৫০ কোটির মধ্যে দুইটি ওয়ার্কওভার সম্পাদন করা সম্ভব হলে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের পরামর্শ প্রদান করেন। | (ক) ৫০ কোটির মধ্যে দুইটি ওয়ার্কওভার সম্পাদন করা সম্ভব হলে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১০/২৪
মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:
১) মহাব্যবস্থাপক ........................................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ...................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্য বস্থাপক.........................................., বাপেক্স।
৪) অফিস কপি।